

তুইও ওঠ জেগে
কাজী নজরুল ইসলাম

দিকে দিকে পুনঃ জুলিয়া উঠেছে দীন ই ইসলামী লাল মশাল ।
ওরে বে- খবর, তুইও ওঠ জেগে তুইও তোর প্রান প্রদ্বিপ জ্বাল ॥

গাজী মুস্তাফা কামালের সাথে জেগেছে তুর্কী সুর্খ- তাজ,
রেজা পহলবী সাথে জাগিয়াছে বিরান মূলুক ইরানও আজ,
গোলামী বিসরি' জেগেছে মিসরী, জগলুল সাথে প্রান- মাতাল ॥

ভুলি গ্লানি লাজ জেগেছে হেজাজ নেজদ আরবে ইবনে সউদ,
আমানুল্লার পরশে জেগেছে কাবুলে নবীন আল- মাক্সুদ,
মরা মরক্কো বাঁচাইয়া আজ বন্দী করিম রীফ- কামাল ।

জাগে ফয়স্ম ইরাক আজম, জাগে নব হারুন -অল- রশীদ,
জাগে বাযতুল মোকাদ্দস রে, জাগে শাম দেখ টুটিয়া নিঁদ,
জাগো নাকো শুধু হিন্দের দশ কোটি মুসলিম বে- খেয়াল ॥

মোরা আসহাব- কাহাফের মত হাজারো বছর শুধু ঘুমাই,
আমাদের কেহ ছিল বাদশাহ কোন কালে, তারি করি বড়াই,
জাগি যদি মোরা, দুনিয়া আবার কাঁপিবে চরণে টাল- মাটাল ॥